# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ২৪৪/সংস্থাপন স্মারকে গঠিত "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) কার্যক্রম পরিচালনা কমিটি" অত্র শিক্ষা বোর্ডের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সকল সদস্যদের নিয়ে অদ্য ০৬/০৯/২০২১ তারিখ সোমবার দুপুর ১২.০০ ঘটিকায় অত্র শিক্ষা বোর্ডের সম্মানিত পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মো: আরিফুল ইসলাম এর অফিস কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মো: আরিফুল ইসলাম, সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ</u>**

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব মো: আরিফুল ইসলাম, পরীক্ষা নিয়ন্ত্রক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | আহ্বায়ক | স্বাক্ষরিত |
| ২. | জনাব এস.এম. গোলাম আজম, প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মো: সিরাজুল ইসলাম, প্রোগ্রামার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | অনুপস্থিত |
| ৪. | জনাব মুহাম্মদ শামিম আল আমিন, প্রোগ্রামার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | জনাব মো: মামুন অর রশিদ, প্রোগ্রামার (চ:দা:)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | জনাব হোসনে আরা আরজু, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | জনাব মো: ফরমান আলী, সহকারী প্রোগ্রামার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | জনাব সুলতানা শামীমা আক্তার, গণসংযোগ অফিসার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোহা: আব্দুল লতিফ, ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ১০. | জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চ:দা:)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ফোকাল পয়েন্ট | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয়-১ : ২০২১-২০২২ বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) কার্যক্রম প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১ : ২০২১-২০২২ বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) কার্যক্রম নিয়ে সকল সদস্য ও অন্য কমিটির (ফোকাল পয়েন্ট), তাদের কমিটির বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়। নিজ নিজ কমিটির কার্যক্রম ২০২১-২০২২ অর্থবছরের প্ল্যানিং মাফিক সম্পূর্ণ করা হবে।

আলোচ্য বিষয়-২ : জাতীয় শুদ্ধাচার, ই-নথি, ইনোভেশন, নৈতিকতা, অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা, সিটিজেন চার্টার, তথ্য অধিকার কমিটির তথ্য ওয়েব সাইটে হালনাগাদ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-২ : জাতীয় শুদ্ধাচার, ই-নথি, ইনোভেশন, নৈতিকতা, অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা, সিটিজেন চার্টার, তথ্য অধিকার কমিটির তথ্য বিষেশ করে সভার আহবান এর কপি, উপস্থিতির কপি, আলোচনা সূচি ও সভার সিদ্ধান্ত সমূহ সকলকে সংরক্ষণ করতে হবে এবং এক কপি ওয়েব সাইটে আপডেট করার জন্য বার্ষিক কর্মসম্পাদন (APA) এর সদস্য জনাব মো: আব্দুল লতিফকে সরবরাহ করা হবে মর্মে সিদ্ধান্ত হয় এবং ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে ওয়েব সাইটের আপডেট সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩ : সভার উপস্থিত সদস্যবৃন্দকে সম্মানী প্রদান প্রসঙ্গে।

সিদ্ধান্ত-৩ : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) কমিটির বেশির ভাগ সদস্য অন্যান্য কমিটির ফোকাল পয়েন্ট এবং উক্ত ফোকাল পয়েন্টকে মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী নিজ দায়িত্ব কাজ স্পূর্ণ করতে হয়। প্রায় প্রতি দুই মাস অন্তর অন্তর কার্যক্রমের আপডেট তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয় এবং মন্ত্রণালয়ের সভায় অংশগ্রহণ করে চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ ও উপস্থাপন করতে হয়। প্রয়োজনে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করতে হয়। যেহেতু অফিসের কাজের পাশাপাশি অতিরিক্ত কার্যক্রম সম্পন্ন করতে হয় বিধায় উক্ত কমিটির সকল সদস্যদের সম্মানী প্রদান করার সুপারিশ করা হয়।

আলোচ্য বিষয়-৪ : ডিজিটাল বোর্ড, ডিজিটাল ডিসপ্লে/ব্যানার সরবরাহ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-৪ : মন্ত্রণালয়-এর সিদ্ধান্ত অনুযায়ী প্রতি সভার একটি ফটো রাখতে হবে কিন্তু ফটো রাখতে হলে প্রতি সভার ব্যানার রাখা প্রয়োজন। যেহেতু প্রতিটি কমিটির প্রতিটি মিটিং-এর জন্য একটি করে ব্যানার তৈরী করা সময় সাপেক্ষ ও অর্থের অপচয় সেই জন্য ডিজিটাল বোর্ড, ডিজিটাল ডিসপ্লের ব্যবস্থা গ্রহণের ব্যাপারে উপস্থিত সকল সদস্যগণ একমত পোশন করেন এবং ডিজিটাল বোর্ড, ডিজিটাল ডিসপ্লে সভা কক্ষে স্থায়ীভাবে স্থাপনের জন্য সুপারিশ করেন।

সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৬/৯/২০২২

জনাব মো: আরিফুল ইসলাম
আহ্বায়ক
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) কার্যক্রম
পরিচালনা কমিটি
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী